


# যুগান্তর

মানিকগঞ্জ সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

## অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়ম দুর্নীতির অভিযোগ

প্রকাশ : ০৯ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 মানিকগঞ্জ প্রতিনিধি

মানিকগঞ্জ সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষের বিরুদ্ধে প্রশিক্ষার্থীদের নানাভাবে হয়রানি করার অভিযোগ পাওয়া গেছে। সম্পূর্ণ বিনা পয়সায় কোর্স সমাপ্ত হওয়ার কথা থাকলেও বিভিন্ন অজুহাত দেখিয়ে প্রশিক্ষার্থীদের কাছ থেকে টাকা হাতিয়ে নেয়া হচ্ছে। এসব ঘটনায় ভুক্তভোগী প্রশিক্ষার্থীরা মানিকগঞ্জ জেলা প্রশাসক বরাবরে লিখিত অভিযোগ করেছেন। এ নিয়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর মানিকগঞ্জ কার্যালয়ে ভুক্তভোগীরা অভিযোগ করেন। তবে কারিগরি কেন্দ্রের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) নূর অতএব আহম্মদ এসব অভিযোগ অস্বীকার করে বলে কতিপয় বিপথগামী প্রশিক্ষার্থী তারা অন্যায়ভাবে বিশেষ সুবিধা আদায়ে ব্যর্থ হয়ে এসব অভিযোগ করেছেন। জানা গেছে, মানিকগঞ্জ শহরের বান্দুটিয়া এলাকায় অবস্থিত সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র। এই কেন্দ্রে ভর্তি হওয়া প্রথম ব্যাচের প্রশিক্ষার্থী বুলবুলি আক্তার, তৃতীয় ব্যাচের জাহিদুল ইসলাম শাকিলসহ প্রশিক্ষার্থী কনিকা সাঈদ ও ঝুমা আক্তার অভিযোগ করেন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) নূর অতএব আহম্মদ তাদের কাছ থেকে নানা অজুহাতে সরকারি নিয়মবহির্ভূত টাকা আদায় করছেন। ভুক্তভোগীরা অভিযোগ করেছেন, ভর্তি হওয়ার জন্য ফরম কেনা থেকে শুরু করে পদে পদে তাদের গুনতে হচ্ছে টাকা। টাকা ছাড়া কোনো সেবা মেলে না ওই কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে। অথচ প্রধানমন্ত্রীর বিশেষ এ প্রকল্পে সম্পূর্ণ সরকারি খরচে সেবা দেয়ার কথা থাকলেও তাদের গুনতে হচ্ছে হাজার হাজার টাকা। তাদের অভিযোগ, বিনামূল্যের ফরম কিনতে হচ্ছে ৫০ টাকায়। বিনামূল্যের বই বাবদ দিতে হয়েছে ২শ' টাকা করে। এছাড়া সরকারি হাসপাতালে বিনা টাকার মেডিকেল টেস্টেও ৩শ' টাকা করে দিতে হচ্ছে। অপর দিকে পুলিশ ভেরিফিকেশনের জন্য তাদের কাছ থেকে দেড় হাজার টাকা আর ড্রাইভিং লাইসেন্স পেতে বিআরটির কথা বলে নেয়া হচ্ছে ২ হাজার টাকা করে। এ রকম আরও বিনামূল্যের খাত থেকে টাকা দিতে বাধ্য করা হচ্ছে। শিক্ষার্থীরা অভিযোগ করেছে, তারা নিয়মিত ক্লাস করলেও তাদের বিভিন্ন সময় অনুপস্থিত দেখিয়ে তাদের প্রাপ্য যাতায়াত খরচ ও ভাতার টাকা আত্মসাৎ করা হচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।